দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN. 1 3 1999 ... ...

পৃষ্ঠা ১৫ কলাম ৭ ......

## ছাত্রীদের উপবৃত্তি প্রকল্প

# যশোরের ৫ থানার কর্মকর্তা-কর্মচারীরা ৬ মাস ধরে বেতন পাচ্ছেন না

দক্ষিণাঞ্চলীয় প্রতিনিধি, যশোর অফিস

॥ মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রকল্প ২য় পর্যায়ের যশোর জেলার ৫টি থানায় কর্মরত ২০ জন কর্মকর্তা ও কর্মচারী ৬ মাস যাবত বেতন-ভাতা না পাওয়ায় মানবেতর জীবনযাপন করছে। দেশের সার্বিক উন্নয়নে নারীশিক্ষা প্রসারের লক্ষ্যে '৯৫ সাল থেকে ২শ' ৮২টি থানায় মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রকল্প পরীক্ষামূলকভাবে চালু করে। '৯৭-৯৮ অর্থবছর পর্যন্ত বাংলাদেশ সরকার এ প্রকল্পে অর্থ যোগান দিতে থাকে। '৯৮-৯৯ অর্থবছর থেকে যশোর জেলার ৫টি থানাসহ (যশোর সদর, শার্শা ও চৌগাছা বাদে) সমগ্র দেশ থেকে ২৫টি থানা নিয়ে "মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প ২য় পর্যায়" শীর্ষক নরওয়ে সরকারের আর্থিক সহায়তায় পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু '৯৮-৯৯ অর্থবছরের অর্ধেক সময় অতিবাহিত হলেও এই প্রকল্পের যশোর জেলার ৫টি থানার কর্মকর্তা-কর্মচারীরা কোন বেতন ভাতা পাননি।